স্মারক নং:বিপিএইচসিডিএ/২৫/১০/৩৬ তারিখ: ১৬/১০/২০২৫ইং

# নীতিমালা

**বিষয়: বিপিএইচসিডিএ-এর নতুন সদস্য পদ অন্তর্ভূক্তি ও পুরাতন সদস্য পদ নবায়নের নীতিমালা।**

বাংলাদেশ প্রাইভেট হসপিটাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক এসোসিয়েশন হলো দেশ ব্যাপি অবস্থিত সকল প্রাইভেট হসপিটাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মালিকদের প্রতিনিধিত্বকারী কেন্দ্রীয় সংগঠন। এই সংগঠনের প্রধান কাজ ও দায়িত্ব হলো বেসরকারী স্বাস্থ্য সেবা খাতের উন্নয়ন, সংগঠন ও সুরক্ষা নিশ্চিতকল্পে কাজ করা। সারাদেশে প্রায় বিশ থেকে পঁচিশ হাজার অনুরূপ বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান রয়েছে। কিন্তু সকল প্রতিষ্ঠান এখনও বিপিএইচসিডিএ-এর সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হয়নি। অথচ উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সুরক্ষাকল্পে সকল প্রতিষ্ঠানকে এই সংগঠনের সদস্য হওয়া বাঞ্ছনীয়। উল্লেখ্য যে, প্রাইভেট চক্ষু হসপিটাল বা ক্লিনিক এবং প্রাইভেট ডেন্টাল হসপিটাল বা ক্লিনিকও বিপিএইচসিডিএ-এর সদস্য হিসেবে অন্তর্ভূক্ত হতে পারবে।

**ক) নতুন সদস্য হিসেবে অন্তর্ভূক্তির লক্ষ্যে রেজিষ্ট্রিশনের জন্য নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে:**

**১) রেজিষ্ট্রেশনের জন্য কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি/মহাসচিব বরাবরে আবেদনকারী প্রতিষ্ঠানের প্যাডে দরখাস্ত লিখে তার উপর সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদকের সুপারিশ গ্রহণ করতে হবে।**

**২) নিম্নলিখিত একাউন্টে রেজিষ্ট্রেশন ফি বাবদ প্রযোজ্য পরিমান অর্থ জমা প্রদান করতে হবে:**

২.১) A/C Name: Bangladesh Private Clinic & Diagnostic Owners' Associaton.
**A/C No: 011013100000827**
Premier Bank PLC., Branch: Dhanmondi (0110), Routing No: 235261180.

২.২) রেজিষ্ট্রেশন ফি সম্পর্কিত নির্দেশাবলী: (১৬-০৮-২০২৫ইং তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা-২০২৫ এর অনুমোদন অনুযায়ী)

২.২.১) ৫০ বেড পর্যন্ত হসপিটাল এবং 'বি' ও 'সি' গ্রেডের ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের ক্ষেত্রে নতুন সদস্য পদের জন্য রেজিষ্ট্রেশন ফি বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা।

২.২.২) ৫০ বেডের উপরের হসপিটাল এবং 'এ' গ্রেডের ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের ক্ষেত্রে নতুন সদস্য পদের জন্য রেজিষ্ট্রেশন ফি বাবদ ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা।

২.২.৩) সকল গ্রেডের হসপিটাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের ক্ষেত্রে আজীবন সদস্য পদের জন্য রেজিষ্ট্রেশন ফি বাবদ এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

**৩) রেজিষ্ট্রেশনের জন্য অনলাইন আবেদন করতে হবে। অনলাইন আবেদনের ধাপ:**

৩.১) বিপিএইচসিডিএ এর কেন্দ্রীয় অফিসের ওয়েব সাইটে প্রবেশ করুন: www.bphcdoa.com

৩.২) মেম্বারশীপ অপশনে প্রবেশ করুন : https://bphcdoa.com/members/form

৩.৩) নির্ধারিত ফরম্যাটে আবেদনপত্র পূরণ করুন:

**৪) অনলাইন আবেদনের সাথে নিম্নোক্ত ডকুমেন্টস জমা দিতে হবে:**

৪.১) সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি/সাধারণ সম্পাদক কর্তৃক সুপারিশকৃত আবেদনের কপি।

৪.২) ট্রেড লাইসেন্সের কপি।

৪.৩) টিআইএন (TIN) সার্টিফিকেটের কপি।

৪.৪) স্বাস্থ্য অধিদপ্তরের লাইসেন্সের কপি অথবা লাইসেন্সের জন্য আবেদন দাখিলের প্রমাণক।

৪.৫) ব্যাংকে ফি জমার রশীদ।

**৫) এরপর অনলাইনে আবেদন সাবমিট করুন।**

চলমান পাতা/২

**খ) পুরাতন সদস্যপদ নবায়নের জন্য নিম্নোক্ত নীতিমালা অনুসরন করতে হবে।**

**১) নিম্নলিখিত একাউন্টে নবায়ন ফি বাবদ প্রযোজ্য পরিমান অর্থ জমা দিতে হবে:**

১.১) A/C Name : Bangladesh Private Clinic & Diagnostice Owner's Associaton.
**Account No: 011013100000827**
Premier Bank PLC., Branch: Dhanmondi (0110). Routing No: 235261180.

১.২) নবায়ন ফি সম্পর্কিত নির্দেশাবলী: (১৬-০৮-২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারন সভা-২০২৫ এর অনুমোদন অনুযায়ী)

১.২.১) ৫০ বেড পর্যন্ত হসপিটাল এবং 'বি' ও 'সি' গ্রেডের ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের ক্ষেত্রে সদস পদ নবায়নের জন্য ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা।

১.২.২) ৫০ বেডের উপরের হসপিটাল এবং 'এ' গ্রেডের ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকের ক্ষেত্রে সদস্য পদ নবায়নের ফি বাবদ ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা।

**২) নবায়নের জন্য অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদন ধাপ:**

২.১) বিপিএইচসিডিএ এর কেন্দ্রীয় অফিসের ওয়েব সাইটে প্রবেশ করুন : www.bphcdoa.com

২.২) মেম্বারশীপ অপশনে প্রবেশ করুন : https://bphcdoa.com/members/form

২.৩) নির্ধারিত ফরম্যাটে আবেদনপত্র পূরণ করুন:

**৩) অনলাইন আবেদনের সাথে নিম্নোক্ত ডকুমেন্টস জমা দিতে হবে:**

৩.১) মেম্বারশিপ সার্টিফিকেটের কপি।

৩.২) ট্রেড লাইসেন্সের কপি।

৩.৩) টিআইএন (TIN) সার্টিফিকেটের কপি।

৩.৪) স্বাস্থ্য অধিদপ্তরের লাইসেন্সের কপি অথবা লাইসেন্সের জন্য আবেদন দাখিলের প্রমাণক।

৩.৫) ব্যাংকে ফি জমার রশীদ।

**৪) এরপর অনলাইনে আবেদন সাবমিট করুন।**

**গ) অনলাইনে আবেদন প্রাপ্তির পর কেন্দ্রীয় অফিস কর্তৃক সকল তথ্য/ডকুমেন্টস যাচাই করে সঠিক পাওয়া গেলে রেজিস্ট্রেশন/নবায়ন আবেদন অনুমোদন করা হবে এবং নতুন মেম্বারশীপ সার্টিফিকেট ইস্যু/নবায়ন সার্টিফিকেট ইস্যু করা হবে।**

**ঘ) প্রত্যেক জেলা থেকে নতুন সদস্য অন্তর্ভুক্তি বা পুরাতন সদস্য নবায়ন বা আজীবন সদস্য রেজিস্ট্রেশন ফি বাবদ কেন্দ্রীয় কমিটির একাউন্টে প্রাপ্ত অর্থের ৫০% পরবর্তীতে কেন্দ্রীয় কার্যালয় থেকে সংশ্লিষ্ট জেলা কমিটির ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। সেজন্য প্রত্যেক জেলা কমিটির একটি বিপিএইচসিডিএ অফিসিয়াল ব্যাংক একাউন্ট থাকতে হবে। কোন ভাবেই কোন ব্যক্তিগত ব্যাংক একাউন্টে বিপিএইচসিডিএ'র কোন অর্থ লেনদেন করা যাবে না।**

| ড. মোঃ আলী আকবর | ডাঃ এ এম শামীম | ডাঃ মোঃ মোসাদ্দেক হোসেন বিশ্বাস ডাম্বেল |
|---|---|---|
| সিইও | মহাসচিব | সভাপতি |
| বিপিএইচসিডিএ | বিপিএইচসিডিএ | বিপিএইচসিডিএ |

**বিতরন:**

১। সভাপতি/মহাসচিব, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি,বিপিএইচসিডিএ, ঢাকা।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল বিভাগীয় কমিটি, বিপিএইচসিডিএ।
৩। সভাপতি/সাধারণ সম্পাদক, সকল জেলা কমিটি, বিপিএইচসিডিএ।
৪। সকল সাধারণ সদস্য, বিপিএইচসিডিএ।